গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
www.hbri.gov.bd

**স্মারক নম্বর:** ২৫.৪৪.২৬০০.০০০.৯৯.০০৬.২২.২১৮

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিষয়:** হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট কর্তৃক ইতোঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ হালানাগাদকরণ ও সেবাসমূহ অব্যাহত রাখা সংক্রান্ত ২০২৩-২৪ অর্থ বছরের **১ম** কোয়ার্টারের প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতাধীন হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট কর্তৃক ইতোঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ হালানাগাদকরণ ও সেবাসমূহ অব্যাহত রাখা সংক্রান্ত প্রতিবেদন এতদসঙ্গে নির্দেশক্রমে প্রেরিত হলো।

২২-১০-২০২৩
মোহাম্মদ পারভেজ খাদেম
প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার

সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

**দৃষ্টি আকর্ষণ:**
উপসচিব, বাজেট অধিশাখা-৪, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ২৫.৪৪.২৬০০.০০০.৯৯.০০৬.২২.২১৮/১ (৫)

তারিখ: ৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২২ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ-১), অতিরিক্ত সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়;
২। প্রিন্সিপাল রিসার্চ অফিসার, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট;
৩। সিনিয়র রিসার্চ ইঞ্জিনিয়ার (সয়েল), হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট;
৪। সিনিয়র রিসার্চ ইঞ্জিনিয়ার (স্ট্রাকচার), হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট এবং
৫। সিনিয়র রিসার্চ আর্কিটেক্ট (অঃদাঃ), হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট।

২২-১০-২০২৩
মোহাম্মদ পারভেজ খাদেম
প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার ও ইনোভেশন অফিসার

# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

**কর্তৃক ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ ও সেবাসমূহ অব্যাহত রাখা সংক্রান্ত প্রতিবেদন**

২০২৩-২৪ অর্থবছর (১ম কোয়ার্টার)

| ক্রম | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের শিরোনাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | সেবা / আইডিয়াটির বর্তমান অবস্থা | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | পরিবেশ বান্ধব কনক্রিট ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠান সমূহের অবস্থান ও যোগাযোগের তথ্য সম্বলিত ডিজিটাল ম্যাপ | হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট দেশব্যাপী কনক্রিট ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠানসমূহের অবস্থান ও তথ্য সম্বলিত ডিজিটাল ম্যাপ প্রণয়ন করেছে। এই ডিজিটাল ম্যাপের মাধ্যমে এখন দেশের যেকোনো প্রান্ত থেকে বসে একজন মানুষ সহজেই তার নিজ এলাকার কাছাকাছি ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সকল তথ্য এবং সঠিক লোকেশন খুঁজে পাবেন। 'জনগনের দোরগোড়ায় সেবা' বর্তমান সরকারের এই উদ্দেশ্যকে সফল করতে হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট কর্তৃক প্রণীত এরুপ ডিজিটাল তথ্য ভান্ডার নির্মাণ উপকরণ সেক্টরে বাংলাদেশে প্রথম, যার মাধ্যমে উপকৃত হবেন নির্মাণকর্মী, প্রতিষ্ঠান, অসংখ্য ক্ষুদ্র উদ্যোক্তা এবং সর্বোপরি সাধারণ মানুষ। এই ডিজিটাল ম্যাপের মাধ্যমে দেশের যেকোন প্রান্ত থেকে বসে একজন নাগরিক সহজেই তার নিজ এলাকার কাছাকাছি ব্লক প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সকল তথ্য এবং সঠিক লোকেশন খুঁজে পাচ্ছেন। ডিজিটাল এই ডাটাবেজের মাধ্যমে পরিবেশবান্ধব ব্লক উৎপাদনকারী অনেক ক্ষুদ্র উদ্যোক্তা তার উৎপাদিত পরিবেশবান্ধব ব্লকের তথ্য সাধারণ মানুষের কাছে পৌঁছে দিতে সক্ষম হচ্ছে। | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে, অদ্যাবধি এই ডিজিটাল ম্যাপিং এর ভিউ ১,৯৬,৮৮৭। <br><br> ডিজিটাল ডাটাবেজ এ তথ্য অন্তর্ভুক্তকরণের জন্য অনলাইন আবেদন পদ্ধতিও চালু রয়েছে। | www.hbri.gov.bd > কনক্রিট ব্লক সম্পর্কিত তথ্য > কনক্রিট ব্লক ম্যাপ | |
| ২ | নাগরিক সেবায় পরিবেশ বান্ধব নির্মাণ উপকরণ ও টেকসই ভবন নির্মাণ সংক্রান্ত অনলাইন ট্রেনিং | হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট নাগরিক সেবায় এবং জনসাধারনের সচেতনতা বৃদ্ধিতে দীর্ঘদিন যাবত নিয়মিতভাবে পরিবেশবান্ধব নির্মান উপকরণ এবং টেকসই ভবন নির্মান সংক্রান্ত প্রশিক্ষণ পরিচালনা করে আসছে। এসকল সচেতনতা বৃদ্ধিমুলক প্রশিক্ষনের মাধ্যমে সাধারণ নাগরিক পর্যায়ে পরিবেশ বান্ধব ভবন নির্মান ও নির্মান উপকরণের ব্যাপারে সচেতনতার পাশাপাশি মেসন ট্রেনিং এর মত আরও অনেক দক্ষতা বৃদ্ধিমুলক ট্রেনিং এর মাধ্যমে বিপুল পরিমান অদক্ষ মানুষের সক্ষমতা বৃদ্ধি করা সম্ভব হয়েছে। ২০২০-২১ সালের ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসাবে অত্র প্রতিষ্ঠানের এই জনহিতকর প্রশিক্ষণ কার্যক্রমকে অনলাইন সেবায় রুপান্তরের মাধ্যমে দেশের প্রত্যন্ত এলাকার মানুষকেও প্রশিক্ষিত করার উদ্যোগ গ্রহণ করা হয়। সারাদেশ হতে কনক্রিট ব্লক উৎপাদনকারী উদ্যোক্তা, বাড়ি নির্মানে আগ্রহী সাধারণ নাগরিক, নির্মাণ ও প্রকৌশল সংক্রান্ত প্রকৌশলী, স্থপতি, শিক্ষার্থীসহ বিভিন্ন স্তরের মানুষ প্রতিনিয়ত অংশগ্রহণ করছে। | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে, সেবা প্রত্যাশী বিভিন্ন প্রতিষ্ঠানের আবেদনের প্রেক্ষিতে প্রশিক্ষণসমূহ অনলাইনে আয়োজন করা হয়ে থাকে। | www.hbri.gov.bd > ই-সেবা সমূহ > অনলাইন ট্রেনিং | |

| ক্রম | ইতঃপূর্বে উদ্ভাবিত/ সহজিকৃত/ ডিজিটাইজকৃত সেবাসমূহের শিরোনাম | উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ | সেবা / আইডিয়াটির বর্তমান অবস্থা | সেবার লিংক | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ৩ | মৃত্তিকা পরীক্ষার মাঠ পর্যায়ের কার্যক্রম সেবা গ্রহীতার নিকট সরাসরি অনলাইনে সম্প্রচার | হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট এর মৃত্তিকা বিভাগ দেশের সরকারী ও বেসরকারি পর্যায়ের গুরুত্বপূর্ণ ভবন ও অবকাঠামো নির্মাণের জন্য সাব সয়েল ইনভেস্টিগেশন এর কাজ দীর্ঘ সময় ধরে করে আসছে। দেশব্যাপি অত্র প্রতিষ্ঠানের সাব সয়েল ইনভেস্টিগেশনের এই সেবার সুনাম রয়েছে। উদ্ভাবনী কর্মপরিকল্পনার অংশ হিসাবে অত্র প্রতিষ্ঠানের সাব সয়েল ইনভেস্টিগেশনের মাঠ পর্যায়ের কাজ সরাসরি গ্রাহক পর্যায়ে সম্প্রচারের মাধ্যমে উক্ত কাজের স্বচ্ছতা এবং গুনগত মান বৃদ্ধি করা হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে মৃত্তিকা পরীক্ষার মান নিয়ন্ত্রণের পাশাপাশি গ্রহক পর্যায়ে মনিটরিং ব্যবস্থা অত্যন্ত সহজ হয়েছে, যার ফলে এইচবিআরআই এর মৃত্তিকা পরীক্ষার ব্যাপারে নাগরিকের আস্থা বৃদ্ধি পেয়েছে। নির্ভুল মৃত্তিকা পরীক্ষার কারণে প্রস্তাবিত ভবনের কাঠামোগত নকশা সঠিকভাবে প্রণয়ন ও তা ব্যয় সাশ্রয়ী করা সম্ভব হচ্ছে। | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছেন, বর্তমানে মৃত্তিকা পরীক্ষার মাঠ পর্যায়ের কার্যক্রম সেবাটি সরাসরি অনলাইনে সম্প্রচারের ব্যবস্থা আছে। | https://www.smfedhbri.com/services | |
| ৪ | এইচবিআরআই টেস্টিং এবং কনসালটেন্সি সার্ভিস প্রাপ্তির ডিজিটাল প্লাটফর্ম | হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লেখিত সেবাসমূহের সহজিকরন ও ডিজিটাইজেশনের লক্ষ্যে বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নের অংশ হিসাবে 'এইচবিআরআই এর টেস্টিং এবং কনসালটেন্সি সার্ভিসের আবেদনের ডিজিটাল প্লাটফর্ম' চালু করা হয়েছে। এই উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে বিভিন্ন নির্মাণ উপকরণ, মৃত্তিকা পরীক্ষা, বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোডের ক্রয় ইত্যাদি সেবার জন্য http://service.hbri.gov.bd লিংকে প্রবেশ করে গ্রাহক দেশের যেকোন প্রান্ত থেকে আবেদন ও ফি পরিশোধ করতে পারবেন। হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউটের বিভিন্ন ডিভিশনের আওতায় প্রদত্ত পরামর্শ সেবা অথবা টেস্টিং সার্ভিস প্রদানের ১৬টি ধাপকে সহজিকরনের মাধ্যমে ৫টি ধাপে নামিয়ে আনা সম্ভব হয়েছে। গ্রাহকের মূল্যবান সময় ও শ্রমের পাশাপাশি সরকারী অর্থ ও সময়ের সাশ্রয় হচ্ছে। ইতোমধ্যে এই ডিজিটাল প্লাটফর্ম ব্যবহার করে নিয়মিত দেশের বিভিন্ন প্রান্ত হতে এইচবিআরআই এর সেবার জন্য গ্রাহক আবেদন করছেন ও তাদের আবেদনের প্রেক্ষিতে সেবা প্রদান কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। | সেবাটি বর্তমানে প্রত্যাশিত ফলাফল পাচ্ছে, অনলাইনের মাধ্যমে জনসাধারণ অত্রপ্রতিষ্ঠানের সকল সার্ভিস সম্পর্কে জানতে ও আবেদন করতে পারছেন। | http://service.hbri.gov.bd | |

২১। ৮৩

মোঃ সাইফুল ইসলাম
রিসার্চ এসোসিয়েট
ও সদস্য, ইনোভেশন টীম
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

২১.১১.২৩

মনজুর পারভেজ
সিনিয়র রিসার্চ আর্কিটেক্ট (অঃদাঃ)
ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইনোভেশন টীম
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

২১/১১/২০২৩

মোঃ আরিফুজ্জামান
সিনিয়র রিসার্চ ইঞ্জিনিয়ার
ও সদস্য, ইনোভেশন টীম
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

২১/১০/২০২৩

মোহাম্মদ পারভেজ খাদেম
প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার
ও ইনোভেশন অফিসার
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট